



## বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩-৪০৬(১০)

তারিখ : ১২/০৩/২০২৩

### প্রেস রিলিজ

গত ৯ হতে ১১ মার্চ, ২০২৩ পর্যন্ত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়, ঢাকায় ৪৪ তম জাতীয় পরিষদ অধিবেশন ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

উক্ত নির্বাচনে বিপুল ভোটে বিজয়ী হয়ে ২য় বারের মত জাতীয় কমিশনার হিসেবে নির্বাচিত হয়েছেন কাজী জেবুন্নেছা বেগম, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

কোষাধ্যক্ষ পদে ২য় বারের মত নির্বাচিত হয়েছেন অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব জাহান আরা বেগম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রাক্তন মূখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), (অবঃ) সিনিয়র সচিব ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন উপদেষ্টা, জনাব জুয়েনা আজিজকে নির্বাচন কমিটির চেয়ারম্যান করে গঠিত ৫ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিটির মাধ্যমে সুষ্ঠু, নিরপেক্ষ ও স্বচ্ছতার মাধ্যমে নির্বাচন সম্পন্ন হয়।

১০ মার্চ, ২০২৩ তারিখ ৪৪ তম জাতীয় পরিষদ অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হাবিবুর রহমান, মহাপরিচালক, (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, কমিশনার, সাব কমিটির সদস্য, সকল অঞ্চল হতে আগত কাউন্সিলরবৃন্দ, গাইডার, রেঞ্জার, যুবানেত্রী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫০জন কাউন্সিলর অধিবেশন ও নির্বাচনে যোগদান করে ভোট প্রদান করেন।

১১ মার্চ, ২০২৩ কাউন্সিলে অংশগ্রহণকারী কাউন্সিলরগণের মূল্যবান ভোটের মাধ্যমে ২০২৩-২০২৫ মেয়াদে ৩ বছরের জন্য জাতীয় কমিশনার ও কোষাধ্যক্ষ ছাড়া জাতীয় কার্যনির্বাহী কমিটির ২৪ জন সদস্য নির্বাচিত হন।



নির্বাচন শেষে ফলাফল ঘোষনার পর নির্বাচিত জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগমকে ফুলেল শুভেচ্ছা জানান (ডান দিক হতে ২য়) নির্বাচন কমিটির চেয়ারম্যান জনাব জুয়েনা আজিজ সহ গাইড সদস্যবৃন্দ



জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম শপথ গ্রহণের পর নির্বাচিত ২৪ জন সদস্যকে শপথবাক্য পাঠ করান

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা

